অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/7/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল নায়গ্রা কাউন্টিতে 14.7 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়ন নির্মাণের শুরু করার কথা ঘোষণা করেছেন

ট্রু বেথেল কমন্সে 39টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট থাকবে

উন্নয়নটি প্রাক্তন স্যাক্রেড হার্ট স্কুল (Sacred Heart School) সাইটকে কর্মীবলের অবসনে রূপান্তরিত করবে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নায়াগ্রা ফলসের ট্রু বেথেল কমন্সে (True Bethel Commons), 14.7 মিলিয়ন মার্কিন ডলারের, 39টি অ্যাপার্টমেন্টের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের নির্মাণ শুরু হয়েছে যার মধ্যে আটটি অ্যাপার্টমেন্ট সম্পূর্ণরূপে শারীরিক প্রতিবন্ধীদের জন্য মানিয়ে নেওয়া হয়েছে। নিউ ইয়র্ক রাজ্যের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) এবং পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের বিভাগ (Department of Parks, Recreation and Historic Preservation) দ্বারা সমর্থিত, নতুন আবাসনটি খালি প্রাক্তন ঐতিহাসিক স্যাক্রেড হার্ট স্কুল, রেকটরি এবং সাউথ এভিনিউতে কনভেন্ট ভবনগুলির অভিযোজিত পুনরায় ব্যবহারের মাধ্যমে রূপ নিচ্ছে।

"নিউ ইয়র্কের অতীতে সৃজনশীল, চিন্তাশীল বিনিয়োগ নিউ ইয়র্কের ভবিষ্যতকে শক্তিশালী করে" **গভর্নর হোচুল বলেন।** "ট্রু বেথেল স্কুল (True Bethel school), যেখানে হাজার হাজার শিশুরা পড়া ও লেখা শিখেছে, তার এখন একটি নতুন উদ্দেশ্য আছে - সেই নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী আবাসন প্রদান করা যারা এগিয়ে যাওয়ার জন্য এবং তাদের পরিবারদের একটি সুন্দর জীবন দেওয়ার জন্য কঠোর পরিশ্রম করছে। সমস্ত নিউ ইয়র্কবাসীর এই সুযোগের প্রাপ্য এবং এই জন্যই আমরা এই মহান রাজ্য জুড়ে সম্প্রদায়ের কাছে আরও বেশি সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ নিয়ে আসা অব্যাহত রাখার অঙ্গীকার করছি।"

এই 39টি অ্যাপার্টমেন্ট এলাকার মধ্যম আয়ের 50 শতাংশ বা তার কম উপার্জনকারী পরিবারদের জন্য সাশ্রয়ী হবে। আটটি অ্যাপার্টমেন্ট সম্পূর্ণভাবে অ্যাক্সেসযোগ্য এবং নির্দিষ্ট শারীরিক চাহিদা সম্পন্ন মানুষের জন্য অভিযোজিত হবে। প্রকল্পে নায়াগ্রা ফলস শহর থেকে 25টি প্রকল্প-ভিত্তিক বিভাগ 8 এর হাউজিং চয়েসের ভাউচার থাকবে।

ট্রু বেথেল কমন্স স্বাস্থ্যসেবা সুবিধা, পৌর সেবা, স্কুল, খুচরা কেনাকাটার দোকান, মুদির দোকান, ফার্মেসী, একটি লাইব্রেরি এবং পাবলিক পার্কের কাছাকাছি অবস্থিত। এর নগরকেন্দ্রিক অবস্থান একাধিক গণ পরিবহন রুটগুলিতে সরাসরি প্রবেশাধিকার প্রদান করে যা

বাসিন্দাদের নায়াগ্রা ফলস শহরের বাণিজ্যিক করিডোর এবং নিকটবর্তী পাড়ার বাইরে অন্যান্য পরিষেবার একটি সম্ভারের সরাসরি প্রবেশাধিকার প্রদান করে।

কমপ্লেক্সটি ঐতিহাসিক স্থানগুলির রাজ্য এবং ফেডারেল রেজিস্টারে (State and Federal Register of Historic Places) তালিকাভুক্ত। নকশাটিকে অবশ্যই ভবনগুলির চরিত্র সংরক্ষণ করতে হবে, যার মধ্যে রয়েছে বিস্তৃত স্কুলের করিডোর এবং ট্রান্সম জানালা, সেই সাথে রেকটরি এবং কনভেন্ট হাউসে ব্যাপক কাঠের কাজ এবং বিবর্ণিত কাচের জানালা এবং জিমনেশিয়ামের একটি বড় অংশ সংস্কার করা।

এন্টারপ্রাইজ গ্রিন কমিউনিটিজগুলির প্রয়োজনীয়তা এবং বিল্ডিংয়ের সুবিধাগুলির জন্য এই প্রকল্পটি পরিকল্পনা করা হয়েছিল যাতে প্রতিটি ভবনে একটি রান্নাঘরের এলাকা, খেলার মাঠ, বাইকের এবং অন্যান্য বড় বস্তুর জন্য বাল্ক স্টোরেজ, কম্পিউটারের রুম এবং লন্ড্রি রুম অন্তর্ভুক্ত হয়। ভাড়াটিয়ারা বিদ্যুৎ, তাপ এবং গ্যাসের জন্য দায়বদ্ধ থাকবেন। সমস্ত অ্যাপার্টমেন্টগুলিতে শক্তি-দক্ষ রেঞ্জ এবং চুলা, রেফ্রিজারেটর এবং আলোকসজ্জা অন্তর্ভুক্ত থাকবে।

বেলমন্ট হাউজিং রিসোর্সেস ফর WNY, ইনকর্পোরেটেড (Belmont Housing Resources for WNY, Inc.) ট্রু কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের (True Community Development Corporation) সাথে অংশীদারিত্বের মাধ্যমে এই প্রকল্পটি তৈরি করছে।

নিউ ইয়র্ক রাজ্যের হোমস এবং কমিউনিটি রিনিউয়াল লো-ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট প্রোগ্রামের মাধ্যমে 7.9 মিলিয়ন মার্কিন ডলার এবং হাউজিং ট্রাস্ট ফান্ড ভর্তুকিতে 2.3 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। উপরন্তু, ফেডারেল ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট ইকুইটিতে 2.3 মিলিয়ন মার্কিন ডলার এবং রাজ্যের পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণের বিভাগ থেকে বরাদ্দ রাজ্যের ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিটের ইকুইটিতে 1.5 মিলিয়ন মার্কিন ডলার রয়েছে। নিউ ইয়র্কের ফেডারল হোম লোন ব্যাংক (Federal Home Loan Bank of New York) 390,000 মার্কিন ডলার প্রদান করেছে এবং নায়াগ্রা ফলস শহর 50,000 মার্কিন ডলার অবদান রেখেছে নির্মাণের খরচে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার রুথ অ্যানি ভিসনাউকাস বলেছেন, "অভিযোজিত পুনর্ব্যবহারের মাধ্যমে নায়াগ্রা ফলসের মত সম্প্রদায়ের ঐতিহাসিক চরিত্র সংরক্ষণ এবং বৃদ্ধি করা HCR এর মিশনের কেন্দ্রীয় বিষয়। ট্রু বেথেল কমন্সে এই বিনিয়োগটি বিশ্বাস-ভিত্তিক সংগঠনগুলির সাথে অংশীদারিত্বের জন্য আমাদের চলমান অঙ্গীকারবদ্ধতার প্রমাণ, যা স্বল্পব্যবহৃত সম্পত্তিতে নতুন জীবন দান করে এবং পশ্চিম নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং সম্প্রদায়গুলির জন্য অতিরিক্ত আবাসন এবং পরিষেবা প্রদান করে। 14.7 মিলিয়ন মার্কিন ডলারের এই নতুন কমপ্লেক্সটি 39টি সুন্দর, অনন্য সাশ্রয়ী মূল্যের গৃহ প্রদান করে ব্যক্তি এবং ক্রমবর্ধমান পরিবারগুলির জন্য। বেলমন্ট হাউজিং এবং নায়াগ্রা ফলস শহরকে তাদের উদার ও সহযোগিতামূলক প্রচেষ্টার জন্য অভিনন্দন জানাই, মহামারীর সবচেয়ে খারাপের মধ্যে পরিকল্পনা করা, অর্থায়ন করা এবং এই উন্নয়নকে সমাপ্তির পথে নিয়ে যাওয়ার জন্য।"

ট্রু বেথেল কমন্স হল নিউ ইয়র্কবাসীদের 20 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছরের আবাসন পরিকল্পনার মাধ্যমে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদানের উদ্দেশ্যে রাজ্যের কর্মসূচির অংশ। এই পরিকল্পনা 100,000 ইউনিটেরও বেশি সাশ্রয়ী মূল্যের বাসস্থান এবং 6,000 ইউনিট সহায়ক আবাসন নির্মাণ ও সংরক্ষণের মাধ্যমে বাসস্থান অ্যাক্সেসযোগ্য করে তোলে এবং গৃহহীনতার সাথে লড়াই করে।

গত এক দশক ধরে, HCR 82টি বহু-পারিবারিক উন্নয়ন এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে প্রায় 5,600টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টের জন্য 500 মিলিয়ন ডলারের বেশি সংস্থান উৎসর্গ করেছে। এই উন্নয়নগুলি তৈরি বা সংরক্ষণের জন্য সংস্থাটির বিনিয়োগ 754 মিলিয়ন ডলারেরও বেশি ব্যবহার করেছে।

পার্কসের কমিশনার এরিক কুলসেইড বলেন, "প্রাক্তন স্যাক্রেড হার্ট চার্চ কমপ্লেক্সের মতো ঐতিহাসিক সংস্থান নথিবদ্ধকরণ এখানে স্টেট পার্কে আমাদের মিশনের একটি গুরুত্বপূর্ণ অংশ। আমাদের ঐতিহাসিক সংরক্ষণ বিভাগ 2019 সালের এই স্থানটিকে রাজ্য এবং জাতীয় ঐতিহাসিক স্থান নিবন্ধনের রেজিস্টারে তালিকাভুক্ত করতে সহায়তা করেছে, রাজ্য এবং ফেডারেল পুনর্বাসন কর ক্রেডিটের প্রাপ্যতার দ্বার উন্মোচন করে যা এই প্রকল্পটিকে সম্ভব করতে সাহায্য করে। গত এক দশকে, রাজ্য 1,000 এরও বেশি ঐতিহাসিক সম্পত্তির জন্য বাণিজ্যিক কর ক্রেডিট ব্যবহারের অনুমোদন করেছে যা ব্যক্তিগত বিনিয়োগে 12 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি চালিত করেছে। নায়াগ্রা ফলসের এই দুর্দান্ত কমপ্লেক্সটি 1850 এর দশকের, এবং বছরের পর বছর ধরে প্রসারিত হয়েছে, এবং এখন এটি একটি নতুন জীবন পেয়েছে তার সম্প্রদায়ের সেবা চালিয়ে যাওয়ার জন্য।"

2011 সাল থেকে ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে, ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিটগুলি 134টিরও বেশি বাণিজ্যিক প্রকল্পকে সহায়তা করেছে, যা মোট 1.1 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে। ন্যাশনাল পার্ক সার্ভিসের (National Park Service) একটি গবেষণায় নিউ ইয়র্ক স্টেটে চাকরি এবং কর রাজস্বের উপর ট্যাক্স ক্রেডিটের প্রভাবের বিশদ তথ্য দেওয়া হয়েছে। 2015 থেকে 2019 সাল পর্যন্ত পাঁচ বছরের জন্য, নিউ ইয়র্ক স্টেটে ঐতিহাসিক কর ক্রেডিট কর্মসূচী জাতীয়ভাবে 67,578টি চাকরি উত্পন্ন করেছে এবং স্থানীয়, রাজ্য এবং ফেডারেল কর বাবদ 195 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উত্পন্ন করেছে।

সিনেটর রবার্ট ওর্ট বলেন, "ট্রু বেথেল কমন্স আমাদের সমাজে নায়াগ্রা ফলসের পরিবারগুলিকে বসবাস করতে এবং বেড়ে ওঠার জন্য একটি নিরাপদ ও স্বাগত স্থান দেবে। এই অবস্থানটির সুবিধা কেবল গুরুত্বপূর্ণ সরকারি সংস্থানের সহজ অ্যাক্সেস প্রদান করবে তাই নয়, বরং বাসিন্দাদের জন্য গুরুত্বপূর্ণ সম্প্রদায়ের সহায়তাও প্রদান করবে। আমি এই গুরুত্বপূর্ণ সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্পের নির্মাণের সাথে জড়িত নিউ ইয়র্ক স্টেট এবং পশ্চিম নিউ ইয়র্কের অংশীদারদের প্রশংসা করি।"

নায়াগ্রা কাউন্টি লেজিসলেচারের (Niagara County Legislature) চেয়ারম্যান বেকি ওয়াইডিশ বলেন, "এটি একটি উত্তেজনাপূর্ণ প্রকল্প, শুধুমাত্র এই কারণে নয় জে এটি মানসম্মত, সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি করবে যা অত্যন্ত প্রয়োজন, এটিও কারণ অভিযোজিত পুনর্ব্যবহারের এটি একটি ধরণ যা আমাদের সকলের জন্য একটি গুরুত্বপূর্ণ অগ্রাধিকার।

আমাদের এলাকাগুলির পুনর্গঠন শুরু হয় প্রাক্তন স্যাক্রেড হার্ট স্কুলের মতো সাইটগুলি নিয়ে এবং সেগুলিকে দ্বিতীয় জীবন দানের মাধ্যমে। এই ধরণের প্রকল্পগুলি ড্রয়িং বোর্ড থেকে কাজ শুরু পর্যন্ত নিয়ে যাওয়া কখনোই সহজ নয়, তাই আজকের মাইলফলকে পৌঁছানোর জন্য তাদের সমস্ত প্রচেষ্টার জন্য আমি ট্রু বেথেল কমন্সে জড়িত সবার প্রশংসা করি।"

বেলমন্ট হাউজিংয়ের ভাইস প্রেসিডেন্ট ব্র্যাড প্যাকার্ড বলেন, "ট্রু বেথেল কমন্স প্রকল্প নায়াগ্রা ফলসের ব্রিজ ডিস্ট্রিক্ট করিডোর বরাবর ডাউনটাউন রিভাইভাইটালাইজেশন ইনিশিয়েটিভের সাথে শহর ও রাজ্যের প্রচেষ্টার পরিপূরক হবে এবং সেগুলিকে প্রসারিত করবে। বেলমন্ট হাউজিং ট্রু কমিউনিটি ডেভেলপমেন্ট কর্পোরেশনের (True Community Development Corporation), নায়াগ্রা ফলস শহর এবং নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদারিত্বে, এই বিনিয়োগের মাধ্যমে এই বৃহত্তর উদ্যোগে অবদান রাখতে পেরে খুব আনন্দিত। ট্রু বেথেল কমন্স এই এলাকার জন্য একটি গুরুত্বপূর্ণ ঐতিহাসিক সংস্থান পুনরুদ্ধার ও সংরক্ষণের পাশাপাশি সম্প্রদায়ের যোগ্য পরিবারগুলির জন্য 39টি নতুন গৃহ প্রদান করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন